হ্যাইমোটোলজী ও অনকোলজী অবস্থার জন্যে ওর‍্যাল মেথোট্রেক্সেট

বাচ্চা ও পরিবারদের জন্যে তথ্য

3য় সংস্করণ

প্রস্তুতকারকের দ্বারা সরবরাহকৃত কোন রোগী সংক্রান্ত তথ্য প্রচারপত্রের সংযোগে এই প্রচারপত্র পড়তে হবে।

গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল
ফর চিলড্রেন **NHS** ট্রাস্ট

ওর‍্যাল মেথোট্রেক্সেট (Oral methotrexate) কি, সেটা কিভাবে দেওয়া হয় এবং কোন কোন সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে এই তথ্যপত্রে ব্যাখা রয়েছে। অতিসাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো ছাড়াও কোন কোন বিরল ও দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়াগুলোরও ব্যাখ্যা এই প্রচারপত্রে রয়েছে। মেডিসিন বা ঔষধের প্রতি বিভিন্ন ব্যক্তির বিভিন্নভাবে প্রতিক্রিয়া হয়ে থাকে সুতরাং উল্লেখিত প্রত্যেকটি পার্শ্ব প্রতিক্রিয়ায় আপনার বাচ্চা অপরিহার্যভাবে ভুক্তভোগী নাও হতে পারে। পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আপনার যদি কোন উদ্বেগ থাকে তাহলে তথ্যপত্রে উল্লেখিত কোন একটি যোগাযোগ নম্বরে ফোন করুন ও আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্টের সঙ্গে আলোচনা করুন।

মেথোট্রেক্সেট কি?
মেথোট্রেক্সেট হলো এক ধরনের ড্রাগ (মাদকদ্রব্য) যা কোন কোন ক্যানসার এবং লূকীমিয়ার চিকিৎসার জন্যে ব্যবহার করা হয়।

সেটা কিভাবে দেওয়া হয়?
টেবলেট অথবা তরল পদার্থ আকারে মুখের মাধ্যমে মৌখিক বা ওর‍্যাল মেথোট্রেক্সেট দেওয়া হয়। সেটা সপ্তাহে একবার, কমপক্ষে খাবারের একঘন্টা পর, সন্ধ্যায় দিতে হবে তবে দুধের উৎপন্ন কোন দ্রব্যের সঙ্গে নয় কেননা এই ড্রাগ নিমগ্ন (অ্যাবসরবড্)-এর ব্যাপারে এসব প্রভাব ফেলতে পারে। সপ্তাহের একই দিনে আপনার বাচ্চা মেথোট্রেক্সেট গ্রহণ করা উচিত। আপনার বাচ্চা যদি ট্রিমোক্সাজোল গ্রহণ করতে থাকে তাহলে একই দিনে মেথোট্রেক্সেট গ্রহণ করা উচিত নয়।

অতি সাধারণ প্রতিক্রিয়াগুলো কি কি?

বৌন্ ম্যারৌ দমন: উচ্চমাত্রা ডৌসের কারণেই শুধুমাত্র এটা ঘটার সম্ভাবনা থাকে। আপনার বাচ্চার বৌন্ ম্যারৌ যতোই ভালো কাজ করুক সেটা সাময়িকভাবে কিছুটা হ্রাস পেতে পারে। এর মানে এটাই হয় যে, স্বাভাবিকের চাইতে আরো সহজে সে এনাইমিক, ব্রুস অথবা ব্লিড বা রক্তপাত হতে পারে এবং ইনফেকশন বা সংক্রমণে তার উচ্চপর্যায়ের ঝুঁকি থাকবে। বৌন ম্যারৌ কিভাবে কাজকর্ম করছে সেটা পরীক্ষা করার জন্যে নিয়মিত আপনার বাচ্চার ব্লাড্ কাউন্ট যাচাই করা হবে। যদি আপনার বাচ্চার অস্বাভাবিকভাবে ক্লান্ত, ব্রুজিং অথবা ব্লিডিং বা রক্তপাত হতে দেখা যায়, অথবা ইনফেকশন বা সংক্রমনের কোন লক্ষণ থাকে, বিশেষভাবে উচ্চ তাপমাত্রা থাকতে দেখা যায় তাহলে আপনার ডাক্তারকে অনুগ্রহ করে বলুন।

আপনার বাচ্চার ব্লাড কাউন্ট অনুসারে ওর‍্যাল মেথোট্রেক্সেটের ডৌজ সাপ্তাহিকভাবে পরিবর্তন হতে পারে। যদি আপনার বাচ্চার অ্যাকিউট লিম্পোব্লাস্টিক লূকীমিয়া হয়ে থাকে তাহলে আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্ট আপনাকে পরামর্শ দিবে। বিস্তারিত বিবরণের জন্যে কন্টিনিউইং (মেন্টেনান্স) থেরাপী সংক্রান্ত পুস্তিকাটি সিদ্ধান্তের জন্যে আপনি দেখতে পারেন।

সূর্যালোকে ত্বকের সংবেদনশীলতা: আপনার বাচ্চা যখন মেথোট্রেক্সেট গ্রহণ করবে তখন স্বাভাবিকের চাইতে আরো সহজে আপনার বাচ্চার ত্বক পুড়তে পারে। আপনার বাচ্চা সূর্যালোক অথবা অন্য কোন ধরনের অ্যালট্রাভায়োলেট আলোতে যাওয়া আপনার বন্ধ করতে হবে। আপনার বাচ্চা যদি সদা-সর্বদা সুর্যালোকে গিয়ে থাকে তাহলে একটি SPF 25 অথবা উচ্চমানের উপযুক্ত সানব্লক ব্যবহার করুন এবং সান হ্যাট তার পরা নিশ্চিত করুন।

অপেক্ষাকৃত কম সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কি কি?

বিতৃষ্ণাবোধ ও বমি: এই লক্ষণসমূহ হ্রাস অথবা বন্ধ করার জন্যে অসুস্থতা-বিরোধী ঔষধ দেওয়া যেতে পারে। আপনার বাচ্চার অসুস্থতা যদি নিয়ন্ত্রণ না হয় অথবা অটল থাকে তাহলে আপনার ডাক্তার বা নার্সকে বলুন।

ত্বকের ফুসকুড়ি: আপনার বাচ্চার যদি কোন ফুসকুড়ি (র‍্যাস) হয়ে থাকে তাহলে অনুগ্রহ করে আপনার ডাক্তার বা নার্সকে বলুন। আপনার বাচ্চার যথাযথ চিকিৎসার ব্যাপারে তারা আপনাকে পরামর্শ দিতে পারবে।

চুলকানিযুক্ত চোখ: আপনার বাচ্চার ত্বকে র‍্যাস বা ফুসকুড়ির জন্ম হতে পারে। তাদের লাল ও চুলকানিযুক্ত চোখ হতে পারে। যদি এসব হয়ে থাকে তাহলে অনুগ্রহ করে করে আপনার ডাক্তার অথবা নার্সকে বলুন।

লিভারের কাজকর্মের উপর সাময়িক প্রভাব:
আপনার বাচ্চার লিভার (যকৃৎ)-এর মৃদু পরিবর্তন কোন কোন সময় মেথোট্রেক্সেটের কারণে হতে পারে। তবে চিকিৎসা শেষ হওয়ার পর সেটা স্বাভাবিক অবস্থায় ফিরে আসবে। আপনার বাচ্চার লিভারের কার্যকলাপ (LFTs) মনিটর বা যাচাই করার জন্যে ব্লাড টেস্ট (রক্ত পরীক্ষা) আগে থেকেই করে রাখা হবে।

যন্ত্রণাপূর্ণ মুখ ও সপুয ক্ষত (আলসার্স):
মাউথকেয়ার (মুখের সেবাযত্ন)-এর প্রচারপত্রের কপিসহ আপনাকে মাউথকেয়ার সম্পর্কে যথাযথ পরামর্শ দেওয়া হবে। আপনার বাচ্চার যদি যন্ত্রণাপূর্ণ মুখ বা স্যর মাউথ-এর অভিযোগ করে তাহলে আপনার ডাক্তার বা নার্সকে অনুগ্রহ করে জানিয়ে দিন।

ডাইঅ্যারিইঅ্যা: আপনার বাচ্চার যদি ডাইঅ্যারিইঅ্যা (পেটের অসুখ) হয়ে থাকে যা নিয়ন্ত্রণ হচ্ছে না অথবা অটল রয়েছে বলে মনে হয় তাহলে আপনার ডাক্তার অথবা নার্সকে বলুন। আপনার বাচ্চার অনেক পরিমাণে পানীয় পান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

অনুগ্রহ করে হাসপাতালকে 020 7405 9200 নম্বরে ফোন করুন এবং যে ওয়ার্ড থেকে আপনাকে ডিসচার্জড্‌ (ছাড়) করা হয়েছে সে ওয়ার্ডে কথাবার্তা বলুন।

গুরুত্বপূর্ণ তথ্য যা আপনার জানা উচিত

● বাচ্চারা যাতে নাগাল না পায় এমন স্থানে নিরাপদে সকল মেডিসিন এবং টেবলেট রাখুন।

● সাবধানতার সঙ্গে এইসব ড্রাগকে নিয়ন্ত্রণ বা সামলানোর প্রয়োজন। যতোদূর সম্ভব ড্রাগকে স্পর্শ করা এড়িয়ে চলুন। আপনি যদি গর্ভধারণ করে থাকেন অথবা গর্ভধারণ করার চিন্তাভাবনা করেন তাহলে সামলানো বা নিয়ন্ত্রণের ব্যাপারে নির্দেশের জন্যে আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্টের সঙ্গে আলোচনা করুন।

● রুম টেম্পারেচার বা কোঠার তাপমাত্রা অনুযায়ী এই ড্রাগ ভান্ডারজাত করে রাখুন।

● সপ্তাহে একবারের বেশী মেথোট্রেক্সেট দেওয়া যাবে না।

● দুটো ভিন্ন শক্তি বা স্ট্রেংথ 2.5mg এবং 10mg-তে মথোট্রেক্সেট টেবলেটস প্রস্তুত হয়ে থাকে। সেগুলোর বিভিন্ন আকার রয়েছে তবে একই ধরনের রং হয়। আপনাকে যে সঠিক শক্তি বা স্ট্রেংথের দেওয়া হয়েছে সেটা আপনার ডাক্তার অথবা ফার্মাসিস্টের সঙ্গে সর্বদা যাচাই করে নিবেন। আপনি যদি মনে করেন ভূল স্ট্রেংথ আপনাকে দেওয়া হয়েছে তাহলে টেবলেট গ্রহণ করবেন না। আপনার ডাক্তার অথবা ফার্মাসিস্টের সঙ্গে সেটা যাচাই করুন।

● তরল পদার্থের আকারেও মেথোট্রেক্সেট পাওয়া যায়। আপনাকে যে সঠিক ভলিয়ম দেওয়া হয়েছে সেটা আপনার ডাক্তার অথবা ফার্মাসিস্টের সঙ্গে যাচাই করুন।

● আপনার ডাক্তার, নার্স ও ফার্মাসিস্টের নির্দেশ অনুযায়ী মেথোট্রেক্সেট গ্রহণ করতে হবে।

● ডৌস গ্রহণ করার পর যদি আপনার বাচ্চা বমি করে তাহলে ডাক্তার অথবা নার্সকে জানিয়ে দেন কেননা আরেক ডৌস হয়তো আপনার বাচ্চার গ্রহণ করার প্রয়োজন হতে পারে। ডাক্তার ও নার্সকে জানানো ছাড়া আপনার বাচ্চাকে আরেক ডৌস দিবেন না।

● আপনার বাচ্চাকে যদি তার ডৌস দিতে ভূলে যান তাহলে তাকে দ্বিগুণ বা ডাবল্ ডৌস দিবেন না। আপনার ডাক্তার বা নার্সকে জানিয়ে দিন এবং আপনার বাচ্চার নিয়মমাফিক সময়সূচি রাখুন।

● সঠিক ডৌস ব্যবহার করার জন্যে কোন কোন সময় টেবলেটকে অর্ধেক করতে হয়। টেবলেট কার্টার এটার জন্যে ব্যবহার করা ভালো। সেটা আপনার কমিউনিটি ফার্মাসী থেকে পাওয়া যায়। ফার্মাসী থেকে যখন আপনার টেবলেট সংগ্রহ করেন তখন অতিরিক্ত বিবরণের জন্যে জিজ্ঞাসা করুন। কেমৌথেরাপীর ড্রাগ কাটার জন্যেই শুধুমাত্র টেবলেট কার্টার রাখন।

● আপনার বাচ্চা যদি টেবলেট গিলতে না পারে তাহলে তরল পদার্থে প্রস্তুতের ব্যাপারে ফার্মাসিস্টকে অনুরোধ করুন। যদি আপনার বাচ্চা তবুও টেবলেট গ্রহণে পছন্দ করে তাহলে নিম্নে উল্লেখিত উপায়ে মিশ্রণ বা মিক্সচার তার জন্যে বানাতে পারেন:

1. টেবলেটটিকে একটি পরিস্কার পাত্রে রাখুন।

2. টেবলেটের উপর সামান্য পানি দিন ও মিশ্রণ হতে দিন। হয়তো কয়েক মিনিট সময় লাগতে পারে। ফেটানো বা ঝাঁকড়ানোর দ্বারা পাত্রের টেবলেটকে জলতি ডিস্‌পার্স করতে চেষটা করবেন না।

3. বাচ্চাকে ডৌসটি দিন।

4. উষ্ণ ও সাবানের পানিতে পাত্রটি ধুয়ে ফেলুন ও অন্য কোন উদ্দেশ্যে সেটা ব্যবহার করবেন না।

● টেবলেট অথবা মিক্সচার (মিশ্রণ) যদি দূর্ঘটনাক্রমে ছলকে পড়ে যায় তাহলে প্রচুর পানি নিয়ে সে জায়গাটা ধুয়ে ফেলুন।

● যদি দূর্ঘটনাক্রমে আপনার চোখে মিক্সচার পড়ে যায় তাহলে প্রচুর চলতি পানি দিয়ে প্রায় পাঁচ থেকে দশ মিনিট ধরে ধুয়ে ফেলুন।

● আপনাকে রক্ষার জন্যে আপনি যদি পছন্দ করেন তাহলে আপনি পারিবারিক এক জোড়া রাবারের গ্লাভস বা মোজা পরতে পারেন।

● ব্যবহারকৃত তোয়ালে, বমি ও অপরিস্কার ফেলার উপযুক্ত নেপিস ময়লা-আবর্জনার দুটো ব্যাগের ভিতরে রাখতে হবে এবং আপনার সাধারণ ময়লা-আবর্জনার সঙ্গে ফেলতে হবে।

● চিকিৎসা বন্ধ করার সিদ্ধান্ত যদি ডাক্তার নিয়ে থাকেন ফার্মাসিস্টকে বাকী টেবলেটগুলো ফেরত দিন। সেগুলোকে জলস্রোতে অথবা নিক্ষেপ করে ফেলে দিবেন না।

@ GOSH ট্রাস্ট জানুয়ারী 2007
সূত্র: 2006F240
চাইল্ড অ্যান্ড ফ্যামিলি ইনফরমেশন গ্রুপের সহযোগিতায় ফার্মাসী ডিপার্টমেন্ট দ্বারা সংকলিত।

গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল ফর চিল্ড্রেন NHS ট্রাস্ট
Great Ormond Street
London WC1N 3JH

ওয়েবসাইট: www.goshfamilies.nhs.uk www.childrenfirst.nhs.uk